

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি)-২০১৬ নির্বাচনের লক্ষ্যে চূড়ান্ত বাছাই কমিটির সভা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ২৬ অক্টোবর ২০১৭ বিকাল ০৩.০০ টায় বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি)-২০১৬ নির্বাচনের লক্ষ্যে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে চূড়ান্ত বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) নির্বাচন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত নীতিমালার ভিত্তিতে যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়। সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ সেলিম রেজাসহ বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় রাজস্ব বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, পররাষ্ট্র ও বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ৩টি ক্যাটাগরিতে মোট ৯০ জন প্রবাসী (অনাবাসি বাংলাদেশি)-কে সিআইপি (এনআরবি) প্রদানের বিধান রয়েছে। এর মধ্যে বৈদেশিক মূদ্রা প্রেরণকারী ক্যাটাগরিতে ৫০ জন, বাংলাদেশে শিল্প প্রতিষ্ঠানে বিনিয়োগের ক্ষেত্রে ২০ জন এবং বাংলাদেশী পণ্যের আমদানীকারক হিসাবে ২০ জনকে সিআইপি (এনআরবি) নির্বাচন করার সুযোগ রয়েছে।